

🔳 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতের বাজার রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জান্নাতের বাজার

রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন, "জান্নাতে একটি বাজার হবে, যেখানে জান্নাতীগণ প্রত্যেক শুক্রবার আসবে। তখন উত্তর দিক থেকে বায়ু প্রবাহিত হবে, যা তাদের চেহারায় ও কাপড়ে সুগন্ধ ছড়িয়ে দেবে। ফলে তাদের শোভা-সৌন্দর্য আরো বেড়ে যাবে। অতঃপর তারা রূপ-সৌন্দর্যের বৃদ্ধি নিয়ে তাদের স্ত্রীগণের কাছে ফিরবে। তখন তারা তাদেরকে দেখে বলবে, 'আল্লাহর কসম! আপনাদের রূপ-সৌন্দর্য বেড়ে গেছে!' তারাও বলে উঠবে, আল্লাহর শপথ! আমাদের যাবার পর তোমাদেরও রূপ-সৌন্দর্য বেড়ে গেছে!" (মুসলিম)

জান্নাতে কোন দিন, সপ্তাহ, মাস বা বছর নেই। শুক্রবার অর্থাৎ, সপ্তাহকাল সময় অতিবাহিত হলে জান্নাতীরা সেই বাজারে জমায়েত হবে। বিলাসের স্বাদ পরিবর্তনের জন্য এক প্রকার হাওয়া বদলের মত ব্যবস্থা আর কি?

Source — https://www.hadithbd.com/books/link/?id=12199

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন